কুষ্টিয়ায় শিশু কেন্দ্রীক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ’র উদ্বোধন

কুষ্টিয়ায় “তথ্য-উপাত্ত নির্ভর শিশু কেন্দ্রীক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ”র উদ্বোধন করা হয়েছে।

বুধবার দিনব্যাপী সার্কিট হাউজ সভাকক্ষে এ প্রশিক্ষণের উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসন ও স্থানীয় সরকার, কুষ্টিয়ার আয়োজনে, ইউনিসেফ বাংলাদেশের সহযোগিতায় এবং জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি) বাস্তবায়নে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথ কার্যক্রম দিনব্যাপী প্রশিক্ষণে সভাপতিত্ব করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউটের (এনআইএলজি) পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শক) যুগ্ম সচিব মোঃ বোরহান উদ্দিন ভূঁঞা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগ কুষ্টিয়ার উপ-পরিচালক(উপ-সচিব) মৃনাল কান্তি দে।

প্রশিক্ষণে কুষ্টিয়ার বিভিন্ন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

জেলা রেজিস্ট্রার অফিস পরিদর্শন করলেন ডিসি

কুষ্টিয়া জেলা রেজিস্ট্রার অফিস পরিদর্শন করেছেন জেলা প্রশাসক মো.আসলাম হেসেন। গতকাল বুধবার দুপুরে তিনি জেলা রেজিস্ট্রারের কার্যালয়ে যান। সেখানে তাকে ফুল দিয়ে বরণ করে নেন জেলা রেজিস্ট্রার কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ।

এ সময় তিনি কার্যালয়ের বিভিন্ন কক্ষ ঘুরে ঘুরে দেখেন এবং বিভিন্ন সমস্যার সমাধান এর নির্দেশনা দেন।

এ সময় তার সাথে উপস্থিত ছিলেন জেলা রেজিস্ট্রার প্রভাকর সাহা, সদর সাব-রেজিস্ট্রার সুব্রত কুমার সিংহ, কুমারখালী সাব-রেজিস্ট্রার মকছু মিয়া, দৌলতপুর সাব-রেজিস্ট্রার বিলকিছ আরা, জেলা রেজিস্ট্রার কার্যালয়ের প্রধান সহকারী ইব্রাহিম হোসেন, সদর অফিস সহকারী রফিকুল ইসলামসহ নির্বাহী ম্যাজিস্ট্রেট আহমেদ সাদাত উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে জেলা প্রশাসক আসলাম হোসেন বলেন, এখন থেকে রেজিস্ট্রি অফিসে যে সকল জমি রেজিস্ট্রি হবে তার দলিল তৈরি করার পর গ্রহীতাদের মাঝে দ্রুত হস্তান্তর করতে হবে। কোন গ্রাহক জমি রেজিস্ট্রি করতে এসে দুর্নীতি ও ভোগান্তির শিকার যেন না হয় সেদিকেও লক্ষ্য রাখতে হবে।

তিনি আরো বলেন, জেলার সকল জমি ক্রেতা-বিক্রেতা আপনারা নিজেরাই জমি ক্রয়-বিক্রয়ের জন্য সাব-রেজিস্ট্রারের কার্যালয়ে জমি রেজিস্ট্রির জন্য আবেদন করতে পারবেন। জমি রেজিস্ট্রির জন্য সাব-রেজিস্ট্রার কাগজপত্র যাচাই-বাচাই করে আপনার দলিল সম্পাদন করে দিবে। কোন তৃতীয় ব্যক্তির নিকট যাওয়ার প্রয়োজন নেই। সরকারী ফি ছাড়া অতিরিক্ত টাকা কোথাও প্রদান করবেন না বলে তিনি জানান। শেষে তিনি পরিদর্শন বহিতে স্বাক্ষর করেন।

দৌলতপুরে রান্না ঘরের চুলার আগুনে ঘর ভষ্মিভূত

কুষ্টিয়ার দৌলতপুরে রান্না ঘরের চুলা থেকে অগ্নিকান্ডে ৪টি ঘর ভষ্মিভূত হয়েছে।

বুধবার (১৮ নভেম্বর) দুপুরে উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের সৌদিপাড়া চর এলাকার রিফাতুল্লাহ ও তার ছেলে সাহাবুলের বাড়ীতে এ অগ্নিকান্ড ঘটে।

রান্না ঘরের চুলা থেকে অগ্নিকান্ডের সুত্রপাত ঘটে।এতে তাদের বসতবাড়ীর ৪টি ঘর ভষ্মিভূত হয়ে যায়।

রামকৃষ্ণপুর ইউনিয়নের চেয়ারম্যান সিরাজ মন্ডল জানান, কৃষক রিফাতুল্লাহ্র রান্না ঘরের চুলা থেকে অগ্নিকান্ডের সূত্রপাত হলে মুহুর্তের মধ্যে আগুন বাড়িতে ছড়িয়ে পড়ে। এলাকাবাসীর চেষ্টায় আগুন নিয়ন্ত্রন হলে রিফাতুল্লাহ ও তার ছেলে সাহাবুলের ৪টি ঘর পুড়ে ভষ্মিভূত হয়। আগুনে দুই পরিবারের ঘরের আসবাবপত্র, খাদ্য-শস্য ও অন্যান্য সম্পদসহ প্রায় ৩ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। বর্তমানে তারা খোলা আকাশের নীচে রয়েছে।

এস এম জামাল, কুষ্টিয়া থেকে।

রেলগেট নয় যেন মৃত্যুফাঁদ!

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার পুরাতন চড়াইকোল রেলগেট নামক স্থানটি রেলগেট লাইনের মধ্যে রাস্তা ভেঙে বড় গর্ত হয়ে সামান্য বৃষ্টিতেই কুষ্টিয়া-রাজবাড়ী -মহাসড়কের কুমারখালী রেলগেট এখন গণমানুষের মরন ফাঁদে পরিনত হয়েছে।

প্রতিনিয়ত ঘটছে বড় বড় দূর্ঘটনা। যেন দেখার কেউ নেই। কুমারখালী রেলগেট রাস্তার যে অবস্থা তাতে মানুষের ভোগান্তি চরমে পৌছেছে। রাস্তা ভেঙ্গে যাওয়ায় বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ভাড়ী বাস,

ট্রাক বিভিন্ন যানবাহনের চলাচলের সমস্যা হয়ে পড়েছে। একটু বৃষ্টি হলেই পানিতে গর্তগুলো ভরে যাওয়ায় গর্ত দেখার সুযোগ থাকে না। এ অবস্থায় গাড়ি চলতে গিয়ে ঐ গর্তের মধ্যে পড়ে গাড়ির এক্সেল, পাতিসহ বিভিন্ন যন্ত্রাংশ ভেঙ্গে রাস্তার উপর পড়ে থাকছে। ছোটছোট যানবাহনের ক্ষতিও হচ্ছে মারাত্বক।

বিশেষ করে দু চাকার যানবহন যেমন মোটরসাইকেল, বাইসাইকেল,আরোহীদের গর্তের কারনে পড়ে যাবার উপক্রম হয়।

এ সড়ক দিয়ে কুষ্টিয়া- রাজবাড়ী দূরপাল্লার কয়েক হাজার গাড়ি, স্থানীয় কয়েক হাজার গাড়ি যাতায়াত করে থাকে।

জনগনের ভোগান্তি লাঘব করতে জরুরী ভিত্তিতে কুষ্টিয়া-রাজবাড়ী মহাসড়কের কুমারখালী উপজেলার রেলগেট নামক স্থানটি রেলগেট মাঝখানে সড়কের রাস্তা পুরোপুরি ভাঙ্গা ভাঙ্গা অংশটি মেরামতের জন্য দাবী জানিয়েছে বিভিন্ন যানবাহন চালকেরা।

সোনালী ধান ঘরে তুলতে ব্যাস্ত কুষ্টিয়ার কৃষকরা

নবান্নের আনন্দে আমন ধান কাটার ধুম লেগেছে কুষ্টিয়া জেলার প্রতিটা এলাকায়। জেলায় আগাম জাতের আমন ধান কাটা মাড়াই চলছে পুরোদমে। মাঠের সোনালী ধান এখন ঘরে তুলতে ব্যস্ত এ অঞ্চলের কৃষকরা।

জেলা কৃষি সম্প্রসারণ বিভাগ জানায়, চলতি বছর আমন চাষে প্রতিকুল আবহাওয়া মোকাবিলা করতে হয়েছে ছয় উপজেলার কৃষকদের। কিন্ত বর্তমানে আবহাওয়া অনুকূলে থাকায় নির্বিঘ্নে ধান কাটা মাড়াই ও শুকানোর কাজ করতে পারছেন কৃষান-কৃষানিরা।

মাঠ জুড়ে সোনালী ধানের মৌ মৌ গন্ধে মনের আনন্দে কাজ করছেন তারা। কথা বলার মতো ফুরসত নেই তাদের।

ধান কেটে অনেক কৃষকই আঁটি বেঁধে কাঁধে করে, আবার অনেকেই বিভিন্ন

যানবহনে বাড়িতে নিয়ে যাচ্ছেন। বাসা-বাড়ির উঠানে চলছে আগাম জাতের ধান মাড়াইয়ের কাজ। এসব ধান নিয়ে কৃষকের যেমন ব্যস্ততা তেমনি আনন্দও প্রচুর। অনেকের বাড়িতে চলছে শীতের সকালে ভাঁপা পুলি, তেল পিঠা, নতুন চালের পায়েস ও নাড়ু মুড়ির মুখরোচক খাবার।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদফতর সুত্রে জানা যায়, জেলার ছয় উপজেলায় ধানের বাম্পার ফলন হয়েছে। এই মৌসুমে জেলায় বেশিরভাগ জমিতে রোপা আমনের চাষ করা হয়েছে। মোট আবাদের মধ্যে রয়েছে সুগন্ধি ব্রি-ধান।

অপরদিকে, কয়েক দফার বন্যা এবং অতি বৃষ্টির কারণে নিম্মাঞ্চলের অনেক জমির ধান ক্ষতিগ্রস্ত হয়েছে।
কুষ্টিয়া সদর উপজেলার বালিয়াপাড়া গ্রামের কৃষকরা জানান, প্রতিকূল আবহাওয়ার মধ্যেও ধানের বাম্পার ফলন ভালো হয়েছে এবার। অগ্রহায়ণ মাসে পুরো ধান কাটা শুরু হলেও আগাম জাতের বিভিন্ন ধান কার্তিকের মাঝামাঝি থেকে কাটা শুরু করেছি।

কুষ্টিয়া মিরপুর থানার মশান এলাকার বেশ কয়েকজন কৃষক জানান, কয়েক দফা বন্যা আর অতিবৃষ্টির কারণে আমন ধান চাষে ব্যাঘাত ঘটলেও এবার ধানের বাম্পার ফলন হয়েছে। আগাম জাতের ধানের বাম্পার ফলনে কৃষক বেজায় খুশি। এছাড়াও ওই জমিতে কীটনাশক ছাড়া শীতের সবজির প্রচুর আবাদ হয়। এতে দুই দিক থেকে কৃষকের লাভ।

ইতোমধ্যে কৃষক ধান কাটতে শুরু করেছেন। তবে বাজারে ভালো দাম পেলে কৃষক এবার লাভবান হবে। পাশাপাশি কৃষকের ঘরে ঘরে শুরু হয়েছে নবান্ন উৎসব। এ যেন বাঙালি সংস্কৃতির চিত্র ফুটে উঠেছে কুষ্টিয়ার প্রতিটা গ্রামগঞ্জে।

ধানের ন্যায্য মূল্য পেলে উৎপাদন খরচ বাদ দিয়ে কৃষকদের দ্বিগুনেরও বেশী লাভ হবে বলে জানিয়েছেন দৌলতপুর উপজেলার রিফায়েতপুর ইউনিয়নের ঝাউদিয়া গ্রামের কৃষক নজিবুল ইসলাম। একই কথা জানিয়েছেন উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের গোয়ালগ্রামের কৃষক এমদদুল হক।

তিনি জানিয়েছেন, এবছর ৫বিঘা জমিতে রোপা আমন ধান চাষ করেছেন। আবহাওয়া অনুকূলে থাকায় ধানের ফলনও ভাল হয়েছে। ধান কাটা শুরু হয়েছে। খরচ বাদ দিয়ে ধান চাষে এবার লাভ হবে জানান তিনি। তবে তিনি ধানের ন্যায্যমূল্য দাবি করেছেন সরকারের কাছে।

কৃষি বিভাগের পরামর্শ ও প্রাকৃতিক দুর্যোগ না হওয়ায় এবছর ধানের

ফলন ভাল হয়েছে। কৃষিবান্ধব সরকার কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করবে সেক্ষেত্রে তারা ধানের ন্যায্য মূল্যও পাবে এমন আশা ব্যক্ত করেছেন দৌলতপুর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সজিব আল মারুফ।

কৃষকরা এদেশের প্রাণ। তাই মাথার ঘাম পায়ে ফেলে তাদের পরিশ্রমের উৎপাদিত ফসল সোনালী ধান যেন মধ্যস্বত্বভোগীরা সব সুবিধা ভোগ না করতে পারে সেদিক খেয়াল রাখার দাবি কৃষকদের।

মাহবুব উল আলম হানিফ’র সুস্থতা কামনায় দোয়া মাহফিল

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ’র সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

কুষ্টিয়া সিটি কলেজের আয়োজনে মঙ্গলবার সকালে জেলা কলেজ মিলনায়তনে এ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ আন্তাজ উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া সিটি কলেজের স্থপতি ও পৌরসভার প্যানেল মেয়র আলহাজ্ব মতিয়ার রহমান মজনু।

এ সময় তিনি বলেন, মাহবুবউল আলম হানিফ একজন জননেতার প্রতিকৃতি। কুষ্টিয়ার উন্নয়নকে এগিয়ে নিয়েছেন প্রাণপন প্রচেষ্টায়।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সিটি কলেজের পৌরনীতি বিভাগের সহকারী অধ্যাপক হাসাবুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ওবাইদুর রহমান, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মেহিত কুমার বিশ্বাস, ইসলামের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক ড. আরজুমান্দ আরা, আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক আশাদুল হকসহ শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীরা।

দোয়া মোনাজাত পরিচালনা করেন আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক

আশাদুল হক।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় দুই মোটরসাইকেল আরোহী নিহত

কুষ্টিয়ার ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় পারভেজ মোশারফ (২৩) ও রিংকু হোসেন (২৪) নামের দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে।

মঙ্গলবার (১৭ নভেম্বর) বিকাল সাড়ে ৪টার সময় কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়কের ভেড়ামারা পারহাউজ যাত্রী ছাউনির সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রামকৃষ্ণপুর ক্রর্ফোডনগর গ্রামের মিন্টু মিয়ার ছেলে পারভেজ মোশারফ এবং একই এলাকার জিল্লুর রহমানের ছেলে রিংকু হোসেন।

স্থানীয়রা জানায়, বিকাল সাড়ে চারটার দিকে ঈশ্বরদী থেকে কুষ্টিয়া অভিমুখে যাত্রা করা মোটরসাইককে পিছন দিক থেকে অজ্ঞাত যানবাহন ধাক্কা দেয়। ধাক্কায় মোটরসাইকেলে থাকা দুই আরোহী রাস্তায় ছিটকে পড়ে। এদের মধ্যে রিংকু হোসেন ঘটনাস্থলেই চাকায় পৃষ্ট হয়ে মারা যান। আর পারভেজ মোশারফকে উদ্ধার করে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়। পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠালে সেখানে চিকিৎসাধীন অবস্থায় সন্ধ্যায় সে মারা যায়।

ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ জামাল জানান, ধারনা করা হচ্ছে কোন কভারভ্যান/ট্রাকের ধাক্কায় এ ঘটনা ঘটতে পারে। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করেছে।

কুষ্টিয়ায় বিদ্যালয়ে ক্লাস নেওয়ায় শিক্ষকের জরিমানা

সরকারি নির্দেশনা অমান্য করে স্কুল খুলে পাঠদানের অভিযোগে কুষ্টিয়ার কুমারখালীতে একটি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলার সুলতানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, মাস্ক ব্যবহার নিশ্চিত করতে কুমারখালীর সদকী ইউনিয়নের সুলতানপুর এলাকায় অভিযান পরিচালনা করছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজীবুল ইসলাম খান। এ সময় সড়কে দেখতে পান কয়েকজন খুদে শিক্ষার্থী বইখাতা নিয়ে হেটে যাচ্ছে। ইউএনও তাদের জিজ্ঞাসা করেন, ‘কোথায় যাচ্ছ?’ শিক্ষার্থীরা জানায়, তারা স্কুল থেকে বাড়ি ফিরে যাচ্ছে।

ইউএনও তাৎক্ষণিক কয়েকশ মিটার দূরে সুলতানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখতে পান, দুটি কক্ষে অন্তত ৪০ জন শিক্ষার্থী পড়াশোনা করছে। স্কুলের প্রধান শিক্ষক মাহবুব হোসেন পাঠদান করছেন। এ সময় ইউএনও প্রধান শিক্ষককে ডেকে করোনাকালে ক্লাস নেওয়ার কারণ জানতে চাইলে তিনি কোনো সদুত্তর দিতে পারেননি।

সরকারি নির্দেশনা অমান্য করে শ্রেণিতে পাঠদান অব্যাহত রাখায় প্রধান শিক্ষককে ১০ হাজার টাকা অর্থদণ্ড করেন ইউএনও। এ ছাড়া ওই শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছেন সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তা।

ইউএনও রাজীবুল ইসলাম খান বলেন, সুলতানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরকারি আদেশ অমান্য করে বিদ্যালয়ে শ্রেণি পাঠদান অব্যাহত রাখায় সংক্রামক রোগ (নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মূল) আইন ২০১৮ অনুযায়ী তাকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জালাল উদ্দীন বলেন, সুলতানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে প্রাথমিকভাবে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। সঠিক কারণ দর্শাতে না পারলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

ছাত্রীকে ধর্ষণের দায়ে মাদ্রাসা সুপারের যাবজ্জীবন

আলোচিত মাদ্রাসা ছাত্রী ধর্ষণ মামলায় মাত্র তিন কার্যদিবসে রায় দিলেন আদালত। কুষ্টিয়ার মিরপুর থানার ওই ঘঠনার রায়ে মাদ্রাসা সুপার আব্দুল কাদেরকে যাবজ্জীবন কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা করেছেন নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইবুনালের বিচারক মুন্সী মো. মশিয়ার রহমান।

মঙ্গলবার (১৭ নভেম্বর) দুপুর সোয়া ১টায় এ রায় দেন আদালত। রায়ে জরিমানা আনাদায়ে ওই শিক্ষককে আরো ১ বছরের জেল দেওয়া হয়েছে। ধর্ষণ মামলায় এত দ্রুত সময়ে রায় দেওয়ার ঘটনা জেলায় এটিই প্রথম। দেড় মাস আগে এ মামলা দায়ের করা হয়।

আদালত সূত্র জানিয়েছে, গত ৩ ও ৪ অক্টোবর মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের স্বরুপদহ চকপাড়া এলাকায় সিরাজুল ইসলাম দারুল উলুম মরিয়ম নেসা মহিলা মাদরাসায় ১৩ বছরের এক ছাত্রীকে দুই দফায় ধর্ষণ করেন মাদ্রাসার মুহতামিম আব্দুল কাদের। ঘটনার পর তার বাবা বাদী হয়ে মাদ্রাসার মহতামিমের (বড় হুজুর) বিরুদ্ধে মামলা দায়ের করেন। মিরপুর থানা পুলিশ তদন্ত করে মাত্র ৭ দিনে আদালতে গত ১৩ অক্টোবর তাকে অভিযুক্ত করে চার্জশিট দেয়।

পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত বলেন,‘ মাদ্রাসা ছাত্রী ধর্ষণের শিকার হওয়ার পর মামলা দায়ের করে তার বাবা। পুলিশ দ্রুততম সময়ের মধ্যে আসামিকে গ্রেপ্তারের পাশাপাশি ৭ দিনের মধ্যে চার্জশিট দেয়। নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনালের বিচারক চার্জ গঠনের পর মাত্র তিন কার্যদিবসে স্বাক্ষীগ্রহণ শেষে রায়ের দিন ধার্য্য করেন। গত ১২ নভেম্বর এ মামলার চার্জ গঠন করেন আদালত। ১৩ ও ১৪ নভেম্বর ছুটি ছিল। ১৫ নভেম্বর বাদীসহ ১৩ জনের স্বাক্ষ্য নেন আদালত। আর আজ দুপুরে বিচারক আসামির উপস্থিতিতে রায় দেন।

আদালতের পিপি আব্দুল হালিম বলেন, মাত্র তিন কার্যদিবসে রায় হওয়ার বিষয়টি দেশে বিরল। দ্রুত এ রায়ের মাধ্যমে নির্যাতিত পরিবারটি ন্যায় বিচার পেয়েছে। এ রাযের মাধ্যমে আদালতের প্রতি সাধারণ

মানুষের আস্থা আরো বেড়ে গেল। আগামীতে দ্রুততম সময়ের মাধ্যে এ ধরণের রায় আরো হবে বলে আমরা আশা করছি।

কুষ্টিয়ার সাংবাদিক আবদুর রশীদ চৌধুরীর জন্মদিন উদযাপন

দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকার প্রকাশক ও সম্পাদক, কুষ্টিয়া প্রেস ক্লাবের সাবেক সভাপতি, জেলা শিল্পকলা একাডেমির সহ-সভাপতি ও নজরুল একাডেমি কুষ্টিয়া জেলা শাখার সভাপতি কুষ্টিয়ার প্রবীণ সাংবাদিক আবদুর রশীদ চৌধুরীর ৭৫ তম জন্মদিন উদযাপন করা হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকার কার্যালয়ে জন্মদিনের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ আমিরুল ইসলাম, সহ-সভাপতি আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ সম্পাদক শাহীন সরকার ও শহীদুর রহমান রবি, সাহিত্যিক হাসান টুটুল, বাংলাদেশ টেলিভিশনের কুষ্টিয়া প্রতিনিধি তরিকুল ইসলাম, ক্যামেরাম্যান খাইরুল ইসলাম সম্রাট, ব্যবসায়ী শরীফ জোয়ার্দ্দার, মোহনা টেলিভিশনের ইবি প্রতিনিধি মিলন খন্দকার ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া অফিস প্রধান এসএম জামাল প্রমুখ।

১৯৪৫ সালের ১৬ নভেম্বর তিনি তৎকালীন নদীয়া তথা কুষ্টিয়া জেলা শহরের মজমপুরে জন্মগ্রহণ করেন।

এ অঞ্চলের সাংবাদিকতার অগ্রপথিক আবদুর রশীদ চৌধুরী বৃহত্তর কুষ্টিয়া থেকে প্রথম প্রকাশিত দৈনিক বাংলাদেশ বার্তা, সাপ্তাহিক জাগরণী ও দি বাংলাদেশ রিভিউ পত্রিকার সম্পাদক ও প্রকাশক। এছাড়াও প্রায় ৪ দশকেরও বেশি সময় ধরে ‘দৈনিক সংবাদ’ এর নিজস্ব সংবাদ দাতা ও জেলা বার্তা পরিবেশক, প্রায় চার দশক ধরে তিনি বাংলাদেশ টেলিভিশনের কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কাজ করেছেন।

বিশিষ্ট সাংবাদিক, কবি, সাংস্কৃতিক সংগঠক ও সমাজসেবকও তিনি। তিনি দীর্ঘকাল ধরে কবিতা রচনা করে আসছেন। তাঁর কাব্যগ্রন্থ নির্জনে

আমি একা; প্রেক্ষিতে মুখর নদী, আয়নায় নিসর্গ রমণ (সম্পাদিত) ও কলকাতা থেকে প্রকাশিত কাব্যগ্রন্থ তোমার মনকে ছোব একদিন’ ‘শীতল বাতাস বহে ধীরে’।

তার সম্পাদিত দৈনিক বাংলাদেশ বার্তা এ অঞ্চলের একটি জনপ্রিয় ও প্রথম দৈনিক। তিনি বাংলাদেশ সম্পাদক পরিষদের সহ-সভাপতি ও বাংলাদেশ আঞ্চলিক সংবাদপত্র পরিষদের নির্বাহী সদস্য।

তিনি বিভিন্ন সমাজ সেবামূলক সংগঠনের সাথে জড়িত। তিনি একজন চিত্রশিল্পী ও এক্ষেত্রে তিনি উচ্চ শিক্ষা গ্রহণ করেন। তিনি ঢাকা আর্ট কলেজ থেকে বিএফ এ ডিগ্রী অর্জন করেন এবং ভারত থেকে ডিপ্লোমা ইন জার্নালিজম লাভ করেন।

তিনি কুষ্টিয়া লায়ন্স ক্লাব জেলা ৩১৫ -এর সভাপতি ছিলেন। তিনি কুষ্টিয়া রাইফেল ক্লাব ও লালন একাডেমির সাবেক সহ-সভাপতি ও কুষ্টিয়া ক্লাবের সাংস্কৃতিক সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। তিনি ঐতিহ্য পরিষদ কুষ্টিয়ার সাধারণ সম্পাদক।